গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, ঢাকা সার্কেল, ঢাকা
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, কাকরাইল, ঢাকা-১০০০।

## ঠিকাদারী লাইসেন্স নতুন তালিকাভূক্তি/ নবায়নের বিষয়ে শর্তাবলী

১। অনলাইনে ( http://contractorenlistment.dphe.online ) প্রকাশিত আবেদন ফরম গুরুত্বসহকারে পড়ে যথাযথ ভাবে পূরণপূর্বক ফরমে বর্ণিত সকল তথ্য ও রেকর্ডপত্র দাখিল করতে হবে।

২। ঠিকাদারী তালিকাভূক্তি/ নবায়নের জন্য আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে পিপিআর এর বিধান মোতাবেক নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা বিভাগের **(প্রাতিষ্ঠানিক কোড নম্বর-১৩৭০৪০৩১২০৫৯০)** অনুকূলে প্রতি ক্যাটাগরির জন্য অফেরতযোগ্য নতুন তালিকাভূক্তির ক্ষেত্রে তালিকাভূক্তি ফি বাবদ টাকা ৫০০০/- (পাঁচ হাজার) মাত্র **অর্থনৈতিক কোড নম্বর -১৪২২২০২** এ এবং নবায়নের ক্ষেত্রে নবায়ন ফি বাবদ টাকা ২০০০/-(দুই হাজার) মাত্র **অর্থনৈতিক কোড নম্বর-১৪২২৩৩৫** এ এবং তালিকাভূক্তি ফি এর ১৫% ভ্যাট বাবদ টাকা ৭৫০/-( সাতশত পঞ্চাশ) মাত্র, নবায়ন ফি এর ১৫% ভ্যাট বাবদ টাকা টাকা ৩০০/-(তিনশত) মাত্র **অর্থনৈতিক কোড নম্বর- ১১৪১১০১** এ **"এ চালান"** এর মাধ্যমে জমা প্রদান করতঃ মূল কপি অনলাইনে আপলোড ও এক কপি অফিসে দাখিল করতে হবে।

৩। নতুন তালিকাভূক্তি/ নবায়ন ঠিকাদারী প্রতিষ্ঠানের ব্যাংকের নাম, ঠিকানা ও হিসাব নম্বর উল্লেখপূর্বক ব্যাংক স্টেটমেন্ট অনলাইনে আপলোড করতে হবে। বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে আবেদন পত্র দাখিলের তারিখ পর্যন্ত নূন্যতম স্থিতির পরিমান প্রতি ক্যাটাগরির জন্য টাঃ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) মাত্র থাকতে হবে। একাধিক ক্যাটাগরির ক্ষেত্রে ব্যাংক স্থিতির পরিমান সামষ্টিক ভাবে গণনা করা হবে।

৪। নতুন ঠিকাদারী তালিকাভূক্তি ব্যাক্তি মালিকাধীন প্রতিষ্ঠান ও লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে এফিডেভিট ৩০০/- (তিনশত) মাত্র টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্প এ সম্পাদিত হতে হবে এবং লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে রেজিষ্টার্ড (MoU) অনলাইনে আপলোড করতে হবে। ৩০০/- (তিনশত) মাত্র টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্প এ সম্পাদিত এফিডেভিট এর মূল কপি অফিসে দাখিল করতে হবে। কোন ফটোকপি গ্রহণযোগ্য হবে না।

৫। আবেদনকারী আবেদন ফরম সঠিকভাবে অনলাইনে পূরণকরতঃ উহার এক সেট প্রিন্ট কপি তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা সার্কেল, ঢাকা অফিসে সরাসরি অথবা কুরিয়ার বা ডাকযোগে আবেদন জমা প্রদান করতে হবে। আবেদন পত্রসহ অন্যান্য আনুষাংগিক কাগজপত্র অবশ্যই Closing time এর পূর্বে উল্লেখিত অফিস ঠিকানায় পৌঁছতে হবে।

৬। সকল ক্যাটাগরি (নতুন তালিকাভূক্তি/ নবায়ন ঠিকাদারী প্রতিষ্ঠান) লাইসেন্স এর বেলায় অফিসে এক সেট প্রিন্ট কপি জমা দেওয়ার ক্ষেত্রে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে।

ক) নবায়নকৃত ট্রেড লাইসেন্স এর (২০২৫-২০২৬) কপি।

খ) ঠিকাদারী প্রতিষ্ঠানের হালনাগাদ e-TIN Certificate এর পাশাপাশি (২০২৪-২০২৫পর্যন্ত) আয়কর রির্টানের প্রাপ্তিস্বীকারপত্র ( acknowledgment slip) কপি ।

গ) BIN/VAT Certificate এর কপি।

ঘ) A Chalan এ জমাকৃত ঠিকাদার তালিকাভূক্তি/ নবায়ন বাবদ ফি এবং তালিকাভূক্তি/ নবায়ন বাবদ ভ্যাট ফি এর মূল কপি ।

৭। আবেদনকারীর দাখিলকৃত তথ্যাদি প্রয়োজনবোধে আইন/ বিধি মোতাবেক যাচাই করা হবে।

১১/০৮/২০২৫

মোহাম্মদ রওশন আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ঢাকা সার্কেল, ঢাকা।

CS CamScanner